

লালমাটিয়া মহিলা কলেজ

লালমাটিয়া, ঢাকা-১২০৭


বিজ্ঞপ্তি

তারিখ : ০৭/০১/২০২১ খ্রি:

লালমাটিয়া মহিলা কলেজের শিক্ষক, শিক্ষার্থী, অভিভাবক ও পরীক্ষা সংক্রান্ত কাজে সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, একাদশ থেকে মাস্টার্স শ্রেণির বার্ষিক/নির্বাচনী পরীক্ষা পূর্বের ন্যায় স্বাভাবিক ভাবে অনুষ্ঠিত হবে। উক্ত পরীক্ষাসমূহে শিক্ষার্থীরা নিজ নিজ বাসস্থানে বসে অভিভাবকবৃন্দের তত্ত্বাবধানে পরীক্ষায় অংশ গ্রহণ করবে (কোভিড-১৯ মহামারী চলাকালীন)। শিক্ষার্থী কিংবা অভিভাবকবৃন্দ (যাদের পক্ষে সম্ভব) সরকারি নির্দেশনা এবং যথাযথ স্বাস্থ্যবিধি মেনে কলেজ থেকে নির্ধারিত সময়ে একসাথে সকল উত্তরপত্র সংগ্রহ করতে পারবে কিংবা www.lalmatiyamohilacollege.edu.bd এই ওয়েব সাইট থেকে উত্তরপত্রের কভার পেজ ডাউনলোড করে নিজ দায়িত্বে পরীক্ষার উত্তরপত্র তৈরী করে নিয়ে পরীক্ষায় অংশ গ্রহণ করবে। পরীক্ষার শেষে নির্ধারিত সময়ের মধ্যে উত্তরপত্র কলেজে এসে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে জমা দিতে পারবে। এখানে উল্লেখ্য যে, একাদশ শ্রেণির বার্ষিক পরীক্ষা ১৭ এপ্রিল ২০২১ এবং দ্বাদশ শ্রেণির (শিক্ষাবর্ষ ২০১৯-২০২০) নির্বাচনী পরীক্ষা মার্চ/২০২১ খ্রি: তারিখ থেকে অনুষ্ঠিত হবে। কলেজের সংশ্লিষ্ট কাউন্টার থেকে উত্তরপত্র বিতরণ ও পরীক্ষার সময়সূচি যথাসময়ে কলেজের ওয়েব সাইটে প্রকাশ করা হবে। নির্ধারিত সিলেবাস সমাপ্ত করে পরীক্ষার প্রস্তুতি গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হলো।


অধ্যক্ষ

লালমাটিয়া মহিলা কলেজ
লালমাটিয়া, ঢাকা-১২০৭


০৭.০১.২০২১